



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১৭.১২.২০২৩

### প্রেস রিলিজ

## পাবিপ্রবিতে অটোমেশন সফটওয়্যার সিস্টেমের যাত্রা শুরু

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ রবিবার (১৭ ডিসেম্বর) অটোমেশন সফটওয়্যার সিস্টেম চালু করা হয়েছে। অটোমেশন সফটওয়্যার হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন এবং বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন।

অনুষ্ঠানে সভাপতি করেন বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেলের পরিচালক ড. মো. আব্দুর রহিম। এ সময় 'এডু সফট'র চিফ এক্সিকিউটিভ অফিসার (সিইও) সারোয়ার জাহান উপস্থিত ছিলেন।

এই সফটওয়্যারটি প্রথমে শিক্ষার্থীদের রেজাল্ট তৈরি, সার্টিফিকেট ও ট্রান্সক্রিপ্ট প্রদানের কাজে ব্যবহার করা হবে। এর সাথে যুক্ত থাকবে পরীক্ষা কমিটি, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর এবং বিভাগগুলো। বিশ্ববিদ্যালয়ের ৫টি অনুষদের ২১টি বিভাগই অটোমেশন সিস্টেমের আওতায় আসবে। তবে ৫টি অনুষদের প্রথম দিকের ৫টি বিভাগকে পাইলটিং প্রকল্প হিসেবে রেজাল্ট প্রস্তুতকরণের জন্য সফটওয়্যার প্রদানকারী প্রতিষ্ঠান 'এডু সফট' বিশ্ববিদ্যালয়কে দিকনির্দেশনা প্রদান করবে।

হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সকল ডিন, সকল বিভাগের চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী'সহ অনেকে।

### বার্তা প্রেরক

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।